## Joint Press Release of the 6th round of Senior Commanders' Meeting between India and China

September 22, 2020

\_\_\_\_\_

## ভারত ও চিনের উচ্চপদস্থ কমান্ডারদের মধ্যে ষষ্ঠ রাউন্ডের বৈঠকের যুগ্ম প্রেস বিজ্ঞপ্তি

সেপ্টেম্বর 22,2020

সেপ্টেম্বর 21 তারিখে ভারত এবং চিনের উচ্চপদস্থ কমান্ডাররা ষষ্ঠ রাউন্ডের সামরিক কমান্ডার স্থরের বৈঠক করেছেন। ভারত–চিনের সীমান্ত এলাকায় প্রকৃত নিয়ন্ত্রণ রেখা (এলএসি) বরাবর পরিস্থিতি স্থিতিশীল করার বিষয়ে দুই পক্ষ অকপট এবং গভীর অভিমত বিনিময় করেছেন। দুই দেশের নেতৃবৃন্দ যে গুরুত্বপূর্ণ মতৈক্যে পৌঁছেছেন তা আন্তরিকভাবে কাজে পরিণত করা, কার্যক্ষেত্রে দুই পক্ষের মধ্যে যোগাযোগ শক্তিশালী করা, ভুল বোঝাবুঝি এবং ভুল সিদ্ধান্ত এড়িয়ে চলা, অগ্রবর্তী এলাকায় আরো সৈন্যদল প্রেরণ বন্ধ করা, সীমান্তবর্তী অঞ্চলের পরিস্থিতি একতরফা পরিবর্তন করা খেকে বিরত থাকা এবং এমন কোন কাজ না করা যাতে পরিস্থিতি জটিল হয়ে ওঠে– এইসব বিষয়ে দুই পক্ষ সন্মত হয়েছেন। যত শীঘ্র সম্ভব সপ্তম রাউন্ডের কমান্ডার স্থরের বৈঠকের ব্যবস্থা করা, কার্যক্ষেত্রে সমস্যার সমাধানের জন্য বাস্তবসন্মত ব্যাবস্থা নেওয়া, এবং যুগ্মভাবে সীমান্তবর্তী অঞ্চলে শান্তি এবং প্রশান্তি রক্ষা করার বিষয়ে দুই পক্ষ সন্মত হয়েছেন।

নিউ দিল্লি সেপ্টেম্বর 22,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.